

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
ধনবাড়ী, টাংগাইল।

স্মারক নং-৩৩.০১.৯৩২৫.০০০.৯৯.০০১.২২- ২২৬

তারিখঃ ০৬/১১/২০২২ খ্রিঃ

বিষয়ঃ পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/এজেন্ট বা খুচরা বিক্রেতাকে যথাযথ নিয়মাবলি অনুসরণপূর্বক লাইসেন্স গ্রহণ/নবায়ন প্রসংগে।
সূত্রঃ মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং মৎস্যখাদ্য ও পশুখাদ্য বিধিমালা, ২০১৩ বাস্তবায়নে মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের নির্দেশনা।

অফিস আদেশ

এতদ্বারা ধনবাড়ী উপজেলার সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/ এজেন্ট বা খুচরা বিক্রেতাকে পশুখাদ্য/ ফিড এডিটিভস বিক্রয়ের জন্য যথাযথ নিয়মাবলি অনুসরণপূর্বক লাইসেন্স গ্রহণ করিতে হইবে (মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৪নং ধারা)।

সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/ এজেন্ট বা খুচরা বিক্রেতাকে লাইসেন্স এর জন্য যথাযথ নিয়মাবলি অনুসরণপূর্বক মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর নির্দিষ্ট ফর্মে (সংযুক্তিতে উল্লেখিত) আবেদন করিতে হইবে (মৎস্যখাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৫ ও ৬ নং ধারা)।


অতএব, পশুখাদ্য বিক্রয়ের সাথে সংশ্লিষ্ট সকল ব্যক্তিবর্গকে পশুখাদ্য বিক্রয়ের লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে যথাযথ নিয়ম অনুসরণপূর্বক আবেদন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল। কারণ, মৎস্যখাদ্য পশুখাদ্য আইন, ২০১০ ও মৎস্যখাদ্য ও পশুখাদ্য বিধিমালা, ২০১৩ মোতাবেক রেজিস্ট্রেশন ব্যতীত পশুখাদ্য/ ফিড এডিটিভস বিক্রয় দণ্ডনীয় অপরাধ।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ১। নির্দিষ্ট ফর্মে আবেদনপত্র-২ কপি।
- ২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি-২ কপি (সত্যায়িত)।
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের রসিন ছবি-২ কপি (সত্যায়িত)।
- ৪। ট্রেড লাইসেন্সের ফটোকপি-২ কপি (সত্যায়িত)।
- ৫। প্রবোজ্য ক্যাটাগরির জন্য ভ্যাটসহ আবেদন ফি ও লাইসেন্স ফি (নতুন)/নবায়ন ফি (লাইসেন্সকৃত)এর কপি-২টি (মূলকপি)।
- ৬। হালনাগাদকৃত আয়কর পরিশোধের সনদপত্র-২ কপি (সত্যায়িত)।

প্রাপক

- ১। জনাব.....
.....ধনবাড়ী পৌরসভা/
.....ইউনিয়ন, ধনবাড়ী, টাংগাইল।


০৬.১১.২০২২

ডা. মোহাম্মদ গোলাম মোর্শেদ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ধনবাড়ী, টাংগাইল।

স্মারক নং-৩৩.০১.৯৩২৫.০০০.৯৯.০০১.২২- ২২৬

তারিখঃ ০৬/১১/২০২২ খ্রিঃ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

- ১। জেলা প্রাণিসম্পদ অফিসার, টাংগাইল।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাংগাইল।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, ধনবাড়ী, টাংগাইল।
- ৪। মেয়র, ধনবাড়ী পৌরসভা।
- ৫। অফিসার ইন-চার্জ, ধনবাড়ী, টাংগাইল।
- ৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ধনবাড়ী, টাংগাইল।
- ৭। অফিস কপি।

ডা. মোহাম্মদ গোলাম মোর্শেদ
উপজেলা প্রাণিসম্পদ অফিসার
ধনবাড়ী, টাংগাইল।

তফসিল-১২
[বিধি ৪(২) দ্রষ্টব্য]
ফি

বিভিন্ন ক্যাটাগরির আবেদন ফি, লাইসেন্স ফি, নবায়ন ফি ও আপিল ফি এর তালিকা:-

ক্রমিক নং	ক্যাটাগরি	আবেদন ফি (টাকা)	লাইসেন্স ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)	আপিল ফি (টাকা)	মেয়াদ
১	ক্যাটাগরি-১	১০০০/-	১০০০০/-	৫০০০/-	৬০০০/-	লাইসেন্স ইস্যুর তারিখ হইতে এক বৎসর
২	ক্যাটাগরি-২	১০০০/-	১০০০০/-	৫০০০/-	৫০০০/-	লাইসেন্স ইস্যুর তারিখ থেকে এক বৎসর
৩	ক্যাটাগরি-৩					লাইসেন্স ইস্যুর তারিখ থেকে এক বৎসর
	ক) দৈনিক ৫১ টন থেকে তদোর্ধ	৫০০/-	৫০০০/-	৬০০০/-	৩০০০/-	
	খ) দৈনিক ১১ টন থেকে ৫০ টন পর্যন্ত	৩০০/-	১০০০/-	৫০০/-	১০০০/-	
	গ) দৈনিক ১০ টন পর্যন্ত	২০০/-	৫০০/-	৩০০/-	৫০০/-	

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মুহিবুজ্জামান
সিনিয়র সহকারী সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রনালায়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আব্দুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

আবেদন ফি, লাইসেন্স/ নবায়ন ফি এবং ভ্যাট জমা দেওয়ার কোডঃ

ক্রমিক নং	খাতের নাম	সোনালী ব্যাংকে টাকা জমা দেওয়ার কোড
১	আবেদন ফি / লাইসেন্স / নবায়ন ফি	১ ৪৪৪১ ০০০০ ২৬৮১
২	ভ্যাট(১৫%) [আবেদন ফি ও লাইসেন্স/নবায়ন ফি এর জন্য]	১ ১১৩৩ ০০০৫ ০৩১১

পশুখাদ্য/ফিড এডিটিভস বিপননকারীদের প্রতি বিশেষ নির্দেশনাসমূহঃ

- লাইসেন্সধারী উৎপাদনকারী/আমদানিকারীদের নিকট হইতে বিক্রয়ের জন্য ফিড সরবরাহ এজেন্ট বা বিক্রেতা গ্রহণ করিবেন।
- সংগৃহীত ফিড মেঝে হইতে ন্যূনতম ৭ সে.মি. উপরে এবং দেওয়াল হইতে দূরে রাখিতে বা স্টক করিতে হইবে এবং লক্ষ রাখিতে হইবে যেন, কোনোভাবেই মেঝে বা দেওয়াল স্যাঁতসেঁতে না হয় বা থাকে।
- কীটনাশক বা সার বা রাসায়নিক কোনো দ্রব্যের সহিত একই স্থানে ফিড রাখা যাইবে না।
- ক্রয় ও বিক্রয় সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করিতে হইবে এবং অধিদপ্তর হইতে পরিদর্শনকালে মজুত-বিবরণী এবং রেকর্ডপত্র দিয়া পরিদর্শনকারী কর্মকর্তাদের সহযোগিতা করিতে হইবে।
- লাইসেন্স দর্শনীয় স্থানে ঝুলাইয়া রাখিতে হইবে।
- মেয়াদোত্তীর্ণ ফিড দোকানে মজুত বা বিক্রয়ের জন্য প্রদর্শন বা বিক্রয় করা যাইবে না।
- প্রতিটি ফিড 'আগে আগমন আগে ব্যবহার' পদ্ধতিতে বিপণন করিতে হইবে।